

আহবায়ক, ডিন কাউন্সিল
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়
সিলেট-৩১০০, বাংলাদেশ।
ফোন : + ৮৮ ০৮২১-৭৬০১৩৮
ই-মেইল: amfsislam@gmail.com




Convener, Dean Council
Sylhet Agricultural University
Sylhet-3100, Bangladesh.
Phone : + 88 0821-760138
E-mail : amfsislam@gmail.com

স্মারক নং : সিকৃবি/ডিন কৃষি/আ.ডিন কাউন্সিল-১৪০/১৬/৪১৩

তারিখ: ০৫/১২/২০১৬

লেভেল-১ সেমিস্টার-১ ভর্তি পরীক্ষা ২০১৬-২০১৭ এর
অপেক্ষমান তালিকা হতে ভর্তি বিজ্ঞপ্তি

- ◆ লেভেল-১ সেমিস্টার-১ ভর্তি পরীক্ষা ২০১৬-২০১৭ এর ফলাফল প্রকাশের বিজ্ঞপ্তি মোতাবেক অপেক্ষমান তালিকায় স্থানপ্রাপ্তদের গত ২৭ নভেম্বর ২০১৬ হতে ০২ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত অনুষদভিত্তিক অপশন প্রদানের সময় থাকলেও তা আগামী ০৬-১২-২০১৬ তারিখ মঙ্গলবার বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত নতুন করে অপশন প্রদানের সময়সীমা বৃদ্ধি করা হল। উল্লেখ্য, পূর্বে যারা অপশন প্রদান করেছে তাদের নতুন করে অপশন প্রদানের প্রয়োজন নেই, তবে কেউ প্রদানকৃত অপশন পরিবর্তন করতে আগ্রহী হলে তা উক্ত সময়ের মধ্যে admission@sau.ac.bd তে ই-মেইল করে জানাতে হবে।
- ◆ অপেক্ষমান তালিকা হতে সাধারণ আসনে ১২৬, মুক্তিযোদ্ধা কোটায় ০৪, পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি কোটায় ০৩ এবং অন্যান্য জেলার উপজাতি কোটায় ০২ জনকে ভর্তি করা হবে।
- ◆ লেভেল-১ সেমিস্টার-১ ভর্তি পরীক্ষা ২০১৬-২০১৭ এর অপেক্ষমান তালিকায় স্থানপ্রাপ্তদের অনলাইনে প্রদত্ত অপশন অনুযায়ী প্রস্তুতকৃত অনুষদওয়ারি ফলাফলের ভিত্তিতে ভর্তির জন্য অবশ্যই আগামী ০৮-১২-২০১৬ তারিখ বৃহস্পতিবার দুপুর ১:০০ ঘটিকার মধ্যে নির্বাচিত অনুষদে রিপোর্ট করতে হবে। অনুষদওয়ারি নির্বাচিত প্রার্থীদের তালিকা আগামী ০৭-১২-২০১৬ তারিখ বুধবার দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। অনুষদওয়ারি রিপোর্ট ও ভর্তির পর আসন শূণ্য থাকা সাপেক্ষে পরবর্তী রিপোর্টকৃতদের মধ্য হতে ভর্তি করা হবে।
- ◆ আগামী ০৭-১২-২০১৬ তারিখে প্রকাশিত ফলাফলের ভিত্তিতে মেধাক্রমানুসারে সাধারণ আসনে ১২৬ শূণ্য আসনের জন্য ১৬০, মুক্তিযোদ্ধা কোটায় ০৪ আসনের জন্য ০৬, পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি কোটায় ০৩ আসনের জন্য ০৫ এবং অন্যান্য জেলার উপজাতি কোটায় ০২ আসনের জন্য ০৩ জনকে ভর্তির দিনে নির্বাচিত অনুষদে রিপোর্ট করতে হবে।
- ◆ ভর্তির সময় যে সব প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে সেগুলো হলো: (ক) শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত এসএসসি এবং এইচএসসি বা সমমানের পরীক্ষার মূল/সাময়িক সার্টিফিকেট, (খ) শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত এসএসসি এবং এইচএসসি বা সমমানের পরীক্ষার মূল গ্রেড সীট, (গ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র, (ঘ) সদ্য তোলা সত্যায়িত পাসপোর্ট সাইজের ৫ কপি ও স্প্যান্স সাইজের ৩ কপি ছবি, (ঙ) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, (চ) সংরক্ষিত আসনে ভর্তি হতে ইচ্ছুক উপজাতি/অ-উপজাতি প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট থেকে সংশ্লিষ্ট জেলার বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের মূল কপি, (ছ) মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থীদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানী/ অনুকূলে সরকার স্বীকৃত মুক্তিযোদ্ধার মূল সনদপত্র, (জ) মুক্তিযোদ্ধা কোটায় পরীক্ষার্থীগণ মুক্তিযোদ্ধার সাথে পারিবারিক সম্পর্কের প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধার সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানার মধ্যে গরমিল হলে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নপত্র। উভয় প্রত্যয়নপত্রই জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হতে হবে।
- ◆ ভর্তির জন্য প্রত্যেক ছাত্র-ছাত্রীর জামানতের টা. ৫৫০০.০০ (পাঁচ হাজার পাঁচশত) সহ মোট টা. ১৫,৮০০.০০ (পনের হাজার আটশত) জমা দিতে হবে এবং হলে ভর্তির জন্য জামানতের টা. ৫০০.০০ (পাঁচশত) সহ মোট টা. ২৫০০.০০ (দুই হাজার পাঁচশত) জমা দিতে হবে। তবে ভেটেরিনারি অ্যান্ড এনিম্যাল সায়েন্স অনুষদে ভর্তির জন্য ইন্টারশীপ ফি বাবদ অতিরিক্ত এককালীন টা. ৪,৫০০.০০ (চার হাজার পাঁচশত) জমা দিতে হবে।



প্রফেসর ড. এ.এফ.এম. সাইফুল ইসলাম
ডিন, কৃষি অনুষদ
ও
আহবায়ক, ভর্তি পরীক্ষা কমিটি ২০১৭
এবং
আহবায়ক, ডিন কাউন্সিল, সিকৃবি, সিলেট।